

ঢাকা ওয়াসা

মুদ্রনকারী: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০২৭.২৪ নথির বিষয়: Water line leakage repairing & maintenance work at Pagla sewerage treatment plant area, under MODS Zone-7, Dhaka WASA.
নোট: ১ নোটের বিষয়: Water line leakage repairing & maintenance work at Pagla sewerage treatment plant area, under MODS Zone-7, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৪/৩/২৪ ১১:২৪ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাগলা পয়ঃশোধনাগার এলাকায় মডস জোন-৭ এর আওতাধীন ১৫০ মিঃমিঃ ব্যাসের পানির মেইন লাইনে লিকেজ হয়ে প্রচুর পানি অপচয় হচ্ছে। এ ব্যাপারে বর্ণিত এলাকার গ্রাহক ওয়াসার লিংক ১৬১৬২ নম্বরে অভিযোগ করেন, যার অভিযোগ নম্বর হচ্ছে ২৪০২২৮১১৫৪০২৩৬৬ (সংযুক্তি-২: ওয়াসার লিংক ১৬১৬২ নম্বরে প্রাপ্ত গ্রাহকের অভিযোগ)। এছাড়াও পাগলা কেন্দ্রীয় ভান্ডার বিভাগের নির্বাহী প্রকৌশলী পাগলা পয়ঃশোধনাগার এলাকায় অবস্থিত আনসার ক্যাম্পের সামনে অত্র জোনের পানির মেইন লাইনে লিকেজ মেরামতের জন্য মুঠোফোনে অভিযোগ করেন। তৎপ্রেক্ষিতে সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, উক্ত এলাকায় ১৫০ মিঃমিঃ ব্যাসের পানির মেইন লাইনে লিকেজ হয়ে প্রচুর পানি অপচয় হচ্ছে এবং লিকেজ স্থানে ময়লাযুক্ত পানি প্রবেশ করছে। ফলে পাগলা পয়ঃশোধনাগার এলাকায় যান চলাচল ব্যাহত হচ্ছে, সে সঙ্গে জনদুর্ভোগ দেখা দিচ্ছে। তাই জনদুর্ভোগ দূরীকরণার্থে ও সুষ্ঠুভাবে সার্বক্ষণিক পানি সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে, বর্ণিত এলাকায় ১৫০ মিঃমিঃ ব্যাসের পানির মেইন লাইনে লিকেজ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি সমাধা করা অতীব জরুরী। আলোচ্য কাজটি সম্পাদনের জন্য ২০১১ ইং সালে ঢাকা ওয়াসার প্রণীত রেট সিডিউলের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-৫: প্রাক্কলন)। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে ৪৪,৮৭৭.৫৫ (চুয়াল্লিশ হাজার আটশত সাতাত্তর দশমিক পাঁচ পাঁচ মাত্র) টাকা। উল্লেখ্য যে, ১৫০মিঃমিঃ ব্যাসের uPVC Pipe বিভাগীয় ভান্ডার হতে সরবরাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৪/৩/২৪ ১১:২৯ পূর্বাহ্ন

আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৩-২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.৫৩ হতে বহন করা যেতে পারে (সংযুক্তি-১: অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা)। আলোচ্য কাজ বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা।
- ২। ওয়াসার লিংক ১৬১৬২ নম্বরে প্রাপ্ত গ্রাহকের অভিযোগ।
- ৩। ঠিকাদারী প্রতিষ্ঠানের দলিলাদি।
- ৪। ক্যালকুলেশন।
- ৫। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৪/৩/২৪ ১১:৩০ পূর্বাহ্ন

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Water line leakage repairing & maintenance work at Pagla sewerage treatment plant area, under MODS Zone-7, Dhaka WASA.” শীর্ষক কাজে উপস্থাপিত ৪৪,৮৭৭.৫৫ (চুয়াল্লিশ হাজার আটশত সাতাত্তর দশমিক পাঁচ পাঁচ) মাত্র টাকার প্রাক্কলনটির কারিগরী, আর্থিক ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১) এর (ট) অনুসারে সরাসরি ক্রয় পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সাদ কন্সট্রাকশনকে নিয়োজিত করে বিষয়ভূক্ত কাজটি সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



১৮/৩/২৪ ৬:৩১ অপরাহ্ন
মোঃ আলমগীর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৮/৩/২৪ ৯:৫৮ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৯/৩/২৪ ১১:৫২ পূর্বাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



২০/৩/২৪ ১:৫৩ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২০/৩/২৪ ১০:০৮ অপরাহ্ন

Okay

২০/৩/২৪ ১০:০৮ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২১/৩/২৪ ৩:৪৯ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২১/৩/২৪ ৩:৫৪ অপরাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭

২২/৩/২৪ ৩:১৭ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

২২/৩/২৪ ৩:১৭ অপরাহ্ন
মোঃ আলমগীর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭